দৈনিক ইত্তেফাক

তারিখ ... 22 NOV 1996 ... পৃষ্ঠা ... ১ কলাম ... ৪ ...

# আত্মীকরণের ঘাপলায় শত শত শিক্ষক

মাইনুল হাসান ॥ দেশের জাতীয়করণকৃত দুইশত কলেজের কয়েকশত শিক্ষক আত্মীকরণের ঘাপলায় পড়িয়াছেন। তাহাদের পদোন্নতি আটকাইয়া গিয়াছে। আর এই ফাঁকে জুনিয়র শিক্ষকেরা পদোন্নতি পাইতেছেন। সিনিয়র শিক্ষকেরা হতাশায় ভুগিতেছেন। জানা গিয়াছে, আত্মীকরণের সময় যে কলেজে যে বিষয় নাই সে বিষয়ের শিক্ষককে অন্য বিষয়ে অন্তর্ভুক্ত করা হয়।

(শেষ পৃ: ৪-এর ক: দ্র:)

## আত্মীকরণের

(১ম পৃ: পর)

ফলে ঘাপলার সৃষ্টি হইয়াছে। মৃত্তিকা বিজ্ঞানে মাষ্টার্স ডিগ্রীধারী শিক্ষককে কৃষিবিজ্ঞান, ইসলামী শিক্ষার শিক্ষককে আরবীতে, আরবীর শিক্ষককে ইসলামী শিক্ষায়, পরিসংখ্যানে ডিগ্রীধারীকে গণিতে, প্রাণী/উদ্ভিদ বিদ্যায় ডিগ্রীধারীকে জীববিজ্ঞানে আত্মীকরণ করা হইয়াছে। এ জট খোলা না হইলে বছরের পর বছর চাকুরী করিয়াও এই শিক্ষকদের ভাগ্যে পদোন্নতি জুটিবে না।